গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল,
www.mor.gov.bd
৪/৩ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

**ইনোভেশন টিমের ২০২৫-২৬ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মীর আলমগীর হোসেন<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ০৫ জুলাই ২০২৬ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | রেলভবনস্থ ১০ম তলা (কক্ষ নং-১০০৭) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৫-২৬ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন এবং এ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ও অগ্রগতি সভাকে অবহিত করেন।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে 'নাগরিক সেবা ডিজিটালাইজেশনের লক্ষ্যে তথ্য প্রেরণ' সংক্রান্ত একটি পত্র প্রাপ্ত হয়েছে। উক্ত পত্রে নির্ধারিত ছক অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন কর্তৃপক্ষ/অধিদপ্তর/সংস্থাসহ সকল দপ্তরের নাগরিক সেবার তালিকা আগামী ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলাদেশ রেলওয়ের নাগরিক সেবার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছক অনুযায়ী প্রস্তুত করে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়েকে অনুরোধপূর্বক প্রয়োজনীয় পত্র জারি করতে হবে। প্রাপ্ত তথ্যসমূহ একত্রিত করে নির্ধারিত সময়সীমার মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। এ সময় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণের মাধ্যমে কার্যকর ও বাস্তবসম্মত উদ্ভাবনী ধারণা সংগ্রহের ওপর গুরুত্বারোপ করা হয়। | রেলপথ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থা বাংলাদেশ রেলওয়ের সকল কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে নির্ধারিত সময়সীমা উল্লেখপূর্বক পত্র জারি করে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম, রেলপথ মন্ত্রণালয়। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১২-০৭-২০২৬
মীর আলমগীর হোসেন
যুগ্মসচিব

**নম্বর:** ৫৪.০০.০০০০.০০০.০১৫.০৬.০০১.২২.৬৭

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১২ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, প্রশাসন-২ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়।
৩। উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।

১২-০৭-২০২৬
পল্লব কুমার সরকার
প্রোগ্রামার